গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল
পুঠিয়া, রাজশাহী

স্মারক নং-৩৩.০১.৮১৮২.০০০.১৭.০০১.২৩-৪৪০/১ তারিখঃ০৫/১০/২০২৩খ্রি.

## অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবা গ্রহীতা/অংশীজনদের অবহিতকরণ ১ম সভার নোটিশ

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২৩-২০২৪ বাস্তবায়নের অংশ হিসাবে আগামী ০৭ সেপ্টেম্বর ২০২৩ রোজ বৃহস্পতিবার বিকাল ৩.০০ ঘটিকায় উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল, পুঠিয়া, রাজশাহী 'র অফিস কক্ষে উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, পুঠিয়া, রাজশাহী মহোদয়ের সভাপতিত্বে অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবা গ্রহীতা/অংশীজনদের অবহিতকরণ ১ম সভা অনুষ্ঠিত হবে। সংশ্লিষ্ট সকলকে যথা সময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

০৫/১০/২০২৩

ডা. মো. রোকনুজ্জামান
উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
পুঠিয়া, রাজশাহী

সদয় জ্ঞাতার্থে অনুলিপিঃ
০১। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, রাজশাহী
০২। প্রাণিসম্পদ সম্প্রসারণ কর্মকর্তা, এলডিডিপি, পুঠিয়া, রাজশাহী
০৩। দপ্তর নথি

## অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবা গ্রহীতা/অংশীজনদের অবহিতকরণ ১ম সভার কার্যবিবরণী

অর্থ বছরঃ ২০২৩-২০২৪খ্রি.

সভাপতিঃ জনাব ডা. মো. রোকনুজ্জামান, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা , পুঠিয়া, রাজশাহী
সভার স্থানঃ উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা'র দপ্তর, পুঠিয়া, রাজশাহী
সভার তারিখ ০৭/১০/২০২৩খ্রি. সময়ঃ বিকাল-৩.০০ ঘটিকা

সভার আলোচ্য বিষয়
০১। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, পুঠিয়া, রাজশাহী'র দপ্তরের অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ক আলোচনা।
০২। অভিযোগ প্রতিকার পদ্ধতি বিষয়ক আলোচনা
০৩। বিবিধ

সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি কমিটির সদস্য সচিব জনাব ডাঃ মোঃ তানভীর আনজুম অনিক, ভেটেরিনারি সার্জন, অত্র দপ্তর সভার আলোচনা আরম্ভ করার অনুমতি প্রদান করেন। সদস্য সচিব সভায় জানান যে, সেবা প্রদান প্রতিশ্রুতি বা নাগরিক সনদ বা সিটিজেন চার্টারে অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে উল্লেখ থাকলেও বিষয়টি সকলের নিকট স্পষ্ট বা পরিস্কার নয়। এ বিষয়ে ১ম সভায় ধারণা প্রদান করা হবে। বিষয়টি অধিকতর উপলদ্ধির নিমিত্ত পুনঃ আলোচনার জন্য সদস্য সচিব সভাপতিকে অনুরোধ জানান।

| ক্র. নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১। | **উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, পুঠিয়া, রাজশাহী'র দপ্তরের অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ক আলোচনাঃ**<br>সরকার জনগণের জীবনমান উন্নয়নের লক্ষ্যে রাজস্ব খাত ও বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্প বাস্তবায়ন করে চলেছে। এ সমস্ত কাজ বিভিন্ন সরকারী দপ্তরের কর্মকর্তা-কর্মচারীদের মাধ্যমে বাস্তবায়ন করে থাকে। কাজগুলো জনগণের কাঙ্খিত চাহিদা পূরণ করতে পারছে কি, পারছে না তা অনুধাবন করা প্রয়োজন। সরকারী দপ্তর জনগণকে যে পরামর্শ, পণ্য বা সেবা দিয়ে থাকে তা প্রাপ্তিতে জনগণ কোন হয়রানি বা দুর্ভোগের শিকার না হয় সে জন্য সরকার ২০০৯ সালে তথ্য অধিকার আইন প্রণয়ন ও কার্যকর করে। এ আইনে অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংযোজন করে জনগণের সেবা প্রাপ্তিকে সহজ ও সুলভ করেছে। জনগণের নিকট সরকারী দপ্তরসমূহের জবাবদিহি নিশ্চিতকরণ, সেবার মানোন্নয়ন এবং সুশাসন সংহতিকরণের মাধ্যমে ভোগান্তিবিহিন জনসেবা নিশ্চিতকরণই অভিযোগ প্রতিকার ব্যবস্থার মূখ্য উদ্দেশ্য। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, পুঠিয়া, রাজশাহী 'র দপ্তরের বারান্দায় সরকারী নির্দেশনা মোতাবেক সিটিজেন চার্টার বা নাগরিক সনদ স্থাপন করা হয়েছে। সভায় অংশগ্রহণকারী সকল সদস্যকে তিনি সিটিজেন চার্টার পাঠ করে বর্ণনা মোতাবেক অভিযোগ দায়েরের অনুরোধ জানান | অংশগ্রহণকারী ও আগ্রহী সুফলভোগীগণ |
| ০২. | **অভিযোগ প্রতিকার পদ্ধতি বিষয়ক আলোচনাঃ**<br>উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল, পুঠিয়া, রাজশাহী,র দপ্তরের অভিযোগ নিস্পত্তি কর্মকর্তা (অনিক) হলেন জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, রাজশাহী।<br><br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা,র কার্যক্রমের বিষয়ে বা তার দপ্তর হতে সেবা প্রাপ্তিতে সেবা গ্রহীতা হয়রানি বা ভোগান্তির শিকার হলে, তিনি জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, রাজশাহী বরাবর ডাকযোগে বা সেবা প্রদান প্রতিশ্রুতি/নাগরিক সনদে উল্লেখিত ০১৭৯৬৫৪০১২৮ টেলিফোন নম্বরে বা www.uloputhia1@gmail.com ই-মেইল ঠিকানায় অভিযোগ দাখিল করতে পারবেন। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, রাজশাহী অভিযোগ দাখিলের এক মাসের মধ্যে অভিযোগের প্রতিকার প্রদানে ব্যর্থ হলে পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, রাজশাহী বরাবরে ফোন নম্বর-০০ অথবা www.dls.puthia.gov.bd ই-মেইল ঠিকানায় অভিযোগ দাখিল করে প্রতিকার চাইবেন।<br><br>পরিচালক (প্রশাসন) প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা দুই মাসের মধ্যে প্রতিকার প্রদানে ব্যর্থ হলে অভিযোগকারী মন্ত্রীপরিষদ বিভাগের অভিযোগ ব্যবস্থাপনা সেল: অভিযোগ গ্রহণ কেন্দ্র০৫ নং গেট, বাংলাদেশ সচিবালয় ঢাকা www.dls. gov.bd-তে | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, পুঠিয়া, রাজশাহী 'র দপ্তরের অভিযোগ প্রতিকার পদ্ধতিটি সকল সেবা গ্রহীতাকে অবহিত হওয়ার জন্য অনুরোধ করা হলো। | দপ্তরের সকল কর্মী |

| | | | |
|---|---|---|---|
| | অভিযোগ  করে প্রতিকার চাইবেন। অভিযোগ দায়ের ক্ষেত্রে তথ্য অধিকার আইন-২০০৯-এ নির্ধারিত ফরম (সংযোজনী ক-১) ব্যবহার করবেন। | | |
| ০৩. | বিবিধ:সভাপতি বলেন যে, সরকারের বিভিন্ন উন্নয়নমুখী উদ্যোগকে সফল করার জন্য দপ্তরের সকল কর্মীকে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, সেবা প্রদান প্রতিশ্রুতি, জাতীয় শুদ্ধাচার কৌশল, অভিযোগ প্রতিকার ব্যবস্থা, সরকারের নির্বাচনী ইশতেহার, টেকশই উন্নয়ন অভীষ্ট, প্রেক্ষিত পরিকল্পনা-২০৪১ প্রভৃতি বিষয় অধ্যয়ন করে অনুধাবন করতে হবে। সেভাবে সরকারের কর্মপরিকল্পনা বাস্তবায়নে জনসম্পৃক্ততা বাড়িয়ে সেবা প্রদান করতে হবে। | সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়নে সকল কর্মী ও সেবা গ্রহীতাকে আন্তরিক হতে হবে। যাতে কোন সেবা গ্রহীতা অসন্তুষ্ট না হন। | দপ্তরের সকল কর্মী |
| | সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্ত করা হলো। | | |

০৭/১০/২০২৫

ডা. মো. রোকনুজ্জামান
উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
পুঠিয়া, রাজশাহী

## অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবা গ্রহীতা/অংশীজনদের ১ম সভায় উপস্থিতির বিবরণী

সভাপতিঃ জনাব ডা. মো. রোকনুজ্জামান, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, পুঠিয়া, রাজশাহী
সভার স্থানঃ উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা'র দপ্তর, পুঠিয়া, রাজশাহী
সভার তারিখ ০৭/১০/২০২৩খ্রি. সময়ঃ বিকাল-৩.০০ ঘটিকা

### সভায় অংশগ্রহণকারীর বিবরণী ও হাজিরাঃ

| ক্র.নং | নাম ও পদবী | ঠিকানা | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১। | ডা, মো. তানভীর আনজুম অনিক<br>ভেটেরিনারি সার্জন | উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল, পুঠিয়া, রাজশাহী | |
| ০২। | ইফতে খায়রুল আলম<br>প্রাণিসম্পদ সম্প্রসারণ কর্মকর্তা | উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল, পুঠিয়া, রাজশাহী | |
| ০৩। | মোঃ হাফিজুল হক<br>উপসহকারী প্রাণিসম্পদ কর্মকর্তা (সম্প্রসারণ) | উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল, পুঠিয়া, রাজশাহী | |
| ০৪। | মোঃ বাবুল আখতার<br>উপসহকারী প্রাণিসম্পদ কর্মকর্তা (প্রাণিস্বাস্থ্য) | উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল, পুঠিয়া, রাজশাহী | |
| ০৫। | মোঃ সাইদুল ইসলাম<br>অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল, পুঠিয়া, রাজশাহী | মোঃ সাইদুল ইসলাম |
| ০৬। | মোসাঃ তানমীম তিথি<br>ভিএফএ | উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল, পুঠিয়া, রাজশাহী | Titli |
| ০৭। | কল্পনা আক্তার<br>এফএ (এ/আই) | উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল, পুঠিয়া, রাজশাহী | কল্পনা আক্তার |
| ০৮। | মোঃ মোনতাজ আলী<br>ড্রেসার | উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল, পুঠিয়া, রাজশাহী | মোনতাজ |
| ০৯। | নূর আমিন<br>সিইএ | উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল, পুঠিয়া, রাজশাহী | |
| ১০। | মোসাঃ মারুফা আখতার<br>এলএফএ | উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল, পুঠিয়া, রাজশাহী | |

০৭/১০/২০২৩
ডা. মো. রোকনুজ্জামান
উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
পুঠিয়া, রাজশাহী